

ব্যাংক পরিদর্শন বিভাগ-২
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০১

Web-site www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

ব্যাংকবি-২/উবি-১/সার্কুলার নং-২

নভেম্বর ০২, ২০০৯
তারিখ:-----
কার্তিক ১৮, ১৪১৬

প্রধান নির্বাহী / ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/
কর্মসংস্থান ব্যাংক/ গ্রামীণ ব্যাংক/আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক/
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।

প্রিয় মহোদয়,

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক Business Continuity Plan (BCP) &
Disaster Recovery Plan (DRP) পরিপালন প্রসঙ্গে।**

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের Information and Communication Technology (ICT) সংক্রান্ত নিরাপত্তা গ্রহণের লক্ষ্যে অন্যান্য বিষয়ের মধ্যে Business Continuity Plan(BCP) & Disaster Recovery Plan (DRP) বিষয়ে বিগত অক্টোবর ২৩, ২০০৫ তারিখে বিআরপিডি সার্কুলার নং-১৪ এর মাধ্যমে Guideline on Information & Communication Technology for Schedule banks and Financial Institutions জারি করা হয়। উল্লেখ্য, উক্ত গাইডলাইন এর Chapter -6 এর আওতাধীন BCP এবং DRP সংক্রান্ত নির্দেশনা পরিপালনে প্রতিষ্ঠানসমূহের অবস্থান সন্তোষজনক নয়।

সম্প্রতি পত্র-পত্রিকা এবং ইলেকট্রনিক মিডিয়াতে দেশে ভূমিকম্পের ন্যায় ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ সংঘটনের ব্যাপারে সংবাদ পরিবেশিত হয়েছে। অধিকন্তু, বিশ্বব্যাপী ব্যাংক সুপারভিশন কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে বর্তমানে অনুসৃত Basel II Accord এর নির্দেশিত বিষয়াবলীতেও BCP এবং DRP সংক্রান্ত বিষয়টিকে অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। এ ব্যাপারে Basel Committee on Bank Supervision এর অধীনে The Joint Forum কর্তৃক ২০০৬ সালের আগস্ট মাসে High-Level principles for business continuity প্রকাশ করা হয়েছে। উক্ত পাবলিকেশনে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ০৭(সাত)টি High-Level principles for business continuity নির্ধারণ করা হয়েছে এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের BCP এবং DRP কে একক ঝুঁকিপূর্ণ এলাকা হিসাবে বিবেচনা করা হয়েছে।

এমতাবস্থায়, Guideline on Information & Communication Technology for Schedule banks and Financial Institutions এর Chapter -6 এর আওতাধীন BCP এবং DRP সংক্রান্ত নির্দেশনা জরুরি ভিত্তিতে পরিপালনের জন্য আপনাদেরকে নির্দেশ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(নির্মল চন্দ্র ভক্ত)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২৪২৪৩